# কাউখালী উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী

০১. সভাপতি : সৈয়দা সাদিয়া নূরীয়া, উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

০২. সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী রাঙ্গামাটি পার্বত্য জেলা এর অফিস কক্ষ।

০৩. তারিখ ও সময় : ২২/১১/২০২৩খ্রিঃ, সকাল- ১০.০০টা।

০৪. সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা বিবরণী: (পরিশিষ্ট 'ক') তে সন্নিবেশীত।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সদস্য-সচিব তথা উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কাউখালীকে সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সে অনুয়াযী সদস্য-সচিব সভায় আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি খাদ্য অধিদপ্তরের কম্পিউটার নেটওয়ার্ক ইউনিটের স্মারক নং- ১৩.০১.০০০০.১০০.৩১.০২৭.১৯.৫৫৩ তারিখ- ০৮/১১/২০২৩খ্রিঃ মূলে 'কৃষকের অ্যাপ' এর মাধ্যমে আমন' ২০২৩-২৪ ধান সংগ্রহ কার্যক্রম বাস্তবায়ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার আলোকে উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা তথা সভাপতি, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির স্মারক নং- ১৩.০১.৮৪২৫.০০৮.৪৫.০০১.১৯-৬৯১ তারিখ- ২০/১১/২০২৩খ্রিঃ মূলে কাউখালী উপজেলার 'কৃষকের অ্যাপ' এর মাধ্যমে আমন' ২০২৩-২৪ ধান সংগ্রহ বাস্তবায়ন সফল করার লক্ষ্যে মোবাইল অ্যাপস্ এর মাধ্যমে কৃষক নিবন্ধন ও ধান বিক্রয়ের আবেদন কার্যক্রম সম্পাদন করে তালিকা প্রেরণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলাকে অনুরোধ করেন।

আবার, খাদ্য মন্ত্রণালয়ের অভ্যন্তরীন সংগ্রহ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং- ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০১.২৩.১৩৫ তারিখ- ১৪/১১/২০২৩খ্রিঃ মূলে অভ্যন্তরীন আমন' ২০২৩-২৪ মৌসুমে অভ্যন্তরীনভাবে সংগ্রহযোগ্য ধানের বিভাগ, জেলা ও উপজেলাওয়ারী লক্ষ্যমাত্রা বিভাজনের চিঠিও সভায় উপস্থাপন করা হয়। উক্ত বিভাজনমতে কাউখালী উপজেলার ধানের লক্ষ্যমাত্রা ৪০.০০০ মেঃটন, সংগ্রহ মূল্য প্রতি কেজি ৩০/- টাকা ও ধান সংগ্রহের সময়সীমা ২৩/১১/২০২৩খ্রিঃ হতে ২৮/০২/২০২৪খ্রিঃ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। 'কৃষকের অ্যাপ'এর মাধ্যমে কৃষক নিবন্ধন ও ধান বিক্রয়ের আবেদন ২৩/১১/২০২৩খ্রিঃ তারিখ হতে ধান সংগ্রহ দ্রুত শুরু করার জন্য নির্দেশনা রয়েছে।

কৃষক নিবন্ধন ও ধান বিক্রয়ের জন্য কাউখালী উপজেলার ৪টি ইউনিয়নের গুরুত্বপূর্ণ এলাকাসমূহে মাইকিং, পোস্টার ও লিফলেটসহকারে ব্যাপক প্রচার প্রচারণা করা হয়। সে সাথে ব্যাপক প্রচারণার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণের নিকটও লিফলেট প্রেরন করা হয়। 'কৃষক অ্যাপ' এ নিবন্ধন ও ধান বিক্রয়ের বিষয়ে উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, কাউখালী উপজেলা কৃষি বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট কৃষকগণের মাঝে নিবন্ধনের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাগণের মাধ্যমে ব্যাপক প্রচার প্রচারণা চালানো হয়েছে।

সভাপতি উপস্থিত সদস্যগণের নিকট কাউখালী উপজেলার জন্য ধার্য্যকৃত লক্ষ্যমাত্রা ৪০.০০০ মেঃটন ধান সংগ্রহ কিভাবে সফল করা যায় এ লক্ষ্যে মতামত ব্যক্ত করার জন্য অনুরোধ করেন। 'কৃষক অ্যাপ' এ নতুন নিবন্ধন ও ধান বিক্রয় আবেদন মধ্য হতে লটারীর মাধ্যমে নির্বাচিত কৃষকের কাছ থেকে ধান সংগ্রহ করার বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন। এই প্রেক্ষিতে সভাপতি কাউখালী উপজেলার জন্য ধার্য্যকৃত লক্ষ্যমাত্রার ধান অর্জনের লক্ষে সংশ্লিষ্ট সকলকে সর্বাত্নক প্রচেষ্ঠা গ্রহণের জন্য আহ্বান জানান।

সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

১। কৃষকগণকে ন্যায্য মূল্য প্রদানের স্বার্থে 'কৃষক অ্যাপ' এর লটারীর মাধ্যমে নির্বাচিত কৃষকের তালিকার ভিত্তিতে লক্ষ্যমাত্রার ধান সংগ্রহের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

২। কৃষক নিবন্ধন ও ধান বিক্রয়ের জন্য কাউখালী উপজেলার ১নং বেতবুনিয়া/২নং ফটিকছড়ি/৩নং ঘাগড়া/৪নং কলমপতি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে গুরুত্বপূর্ণ এলাকাসমূহে মাইকিং, পোস্টার ও লিফলেটসহকারে ব্যাপক প্রচার প্রচারণার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমানা পাতা-২

৩। ধান বিক্রয়ে আগ্রহী কৃষকগণ সরকারি বিনির্দেশ মোতাবেক অর্থাৎ শুকনা ও চিটামুক্ত ধান যাতে গুদামে নিয়ে আসেন, সে বিষয়ে স্থানীয় কৃষি বিভাগ তাদের উপসহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়।

৪। ধার্য্যকৃত লক্ষ্যমাত্রার ধান সংগ্রহের সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের পরও অর্জনের সম্ভব না হলে সদস্য-সচিব তথা উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সভাপতির পরামর্শক্রমে তা সমর্পনের ব্যবস্থা গ্রহণ করবেন।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

22/11/23

(সৈয়দা সাদিয়া নূরীয়া)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি
কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

স্মারক নং- ১৩.০১.৮৪২৫.০০৮.৪৫.০০১.২৩-৬৯৪ তারিখ- ২২/১১/২০২৩খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার গ্রহণের জন্য প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

১। জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৪। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৬। উপজেলা কৃষি কর্মকর্তা ও সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৭। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৮। চেয়ারম্যান, ১নং বেতবুনিয়া/২নং ফটিকছড়ি/৩নং ঘাগড়া/৪নং কলমপতি ইউনিয়ন পরিষদ, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কাউখালী এলএসডি, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১০। জনাব তপন তালুকদার, কৃষক প্রতিনিধি ও সদস্য , উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১১। জনাব আব্বাস আলী, চালকল মালিক গ্রুপ এর প্রতিনিধি ও সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

22/11/23

(তরুন প্রকাশ চাকমা)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য-সচিব
উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি
কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।